

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

বিষয়	ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর এর অনুকূলে বরাদ্দকৃত বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ বিষয়ে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি	ঃ ড. মোঃ মোজাম্মেল হক খান, সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
স্থান	ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়	ঃ ০১/১২/২০১৬, সকাল ১০.৩০টা।
উপস্থিত সদস্যবৃন্দ	ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে অতিরিক্ত সচিব (প্রশাসন) এক নজরে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের ২০১৬-২০১৭ অর্থবছরের মোট রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন অনুন্নয়ন খাতের বাজেট উপস্থাপন করেন। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব যুগ্ম-সচিব (বাজেট) কে আহ্বান জানান।

০২। বাজেট ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব যুগ্ম-সচিব (বাজেট) স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তর সমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, উন্নয়ন ও অনুন্নয়ন খাতের বাজেট সভায় উপস্থাপন করেন। অতঃপর তিনি স্ব-স্ব দপ্তরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তরের প্রতিনিধির মতামত পেশ করার জন্য অনুরোধ জানান।

০৩। সভায় উপস্থিত স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ দেশের বর্তমান প্রেক্ষাপটে তাদের দায়িত্ব ও কর্তব্য পালনের পরিধি ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ার বিষয়টি তুলে ধরেন। বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি জানান যে, জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে দায়িত্ব পালনের বিপরীতে জাতিসংঘ হতে প্রাপ্ত অর্থ বাংলাদেশ পুলিশ এর আয়ের বড় অংশ। জাতিসংঘ হতে প্রাপ্ত আয় প্রথম কোয়ার্টার পর্যন্ত না পাওয়ায় প্রথম কোয়ার্টারে রাজস্ব প্রাপ্তির ক্ষেত্রে প্রকৃত আয় কম হয়েছে। অচিরেই এ আয় পাওয়া যাবে। এ আয় পাওয়া গেলে বাংলাদেশ পুলিশ এর রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা পূরণ হবে। প্রথম কোয়ার্টারে উন্নয়ন ও অনুন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে ১০০% লক্ষ্যমাত্রা পূরণ না হলেও ২য় কোয়ার্টার নাগাদ তা পূরণ হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

০৪। বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি জানান যে, বর্ডার গার্ড এর কাজের বিনিময়ে কোন সার্ভিস চার্জ না থাকায় এবং দাপ্তরিক সুনির্দিষ্ট কয়েকটি খাতে সামান্য আয় থাকায় বর্ডার গার্ড এর নন-ট্যাক্স রেভিনিউ কম। তবে লক্ষ্যমাত্রা অনুযায়ী নন-ট্যাক্স রেভিনিউ আহরণে সচেষ্ট থাকবেন এবং উন্নয়ন ও অনুন্নয়ন খাতে কাজের ধারাবাহিকতা অব্যাহত রেখে ব্যয়ের লক্ষ্যমাত্রা পূরণের আশাবাদ ব্যক্ত করেন।

০৫। বাংলাদেশ আনসার ও ডিডিপি'র প্রতিনিধি জানান যে, নন-ট্যাক্স রেভিনিউ আয় বছরের প্রারম্ভে কম হলেও দ্বিতীয় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা পূরণ হবে। তাছাড়া, উন্নয়ন ও অনুন্নয়ন খাতে ব্যয়ের লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন।

০৬। কারা অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, রাজস্ব প্রাপ্তি খাতে আয় ও অনুন্নয়ন খাতে ব্যয়ের লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে। তবে উন্নয়ন খাতে ব্যয়ের লক্ষ্যমাত্রা পূরণ না হলেও কারাগার নির্মাণ প্রকল্পসমূহের দরপত্র আহ্বান করা হয়েছে বিধায় এ খাতে ব্যয়ের লক্ষ্যমাত্রা অচিরেই পূরণ হবে।

০৭। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, ফায়ার সার্ভিস বিধিমালা প্রণয়ন প্রক্রিয়াধীন আছে। বিধিমালা সম্পন্ন হলে নন-ট্যাক্স রেভিনিউ আয় বৃদ্ধি পাবে। অনুন্নয়ন ব্যয়ের লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে। উন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে প্রথম কোয়ার্টারে পিছিয়ে থাকলেও যন্ত্রপাতি ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হওয়ায় ২য় কোয়ার্টারে ব্যয়ের লক্ষ্যমাত্রা পূরণ হবে।

০৮। বাংলাদেশ কোস্টগার্ড অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, রাজস্ব প্রাপ্তি খাতে আয়, অনুন্নয়ন খাতে ব্যয়ের লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে এবং পরবর্তী কোয়ার্টারেও তা অব্যাহত থাকবে। উন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে প্রথম কোয়ার্টারে পিছিয়ে থাকলেও সমুদ্রগামী জলযান ক্রয় অচিরেই সম্পন্ন হবে এবং তদানুযায়ী লক্ষ্যমাত্রা পূরণ হবে মর্মে সভাকে অবহিত করেন।

০৯। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, চলতি অর্থবছরে নন-ট্যাক্স রেভিনিউ আয়ের লক্ষ্যমাত্রা বিগত বছরের তুলনায় বেশী নির্ধারণ করা হয়েছে। তথাপিও নন-ট্যাক্স রেভিনিউ আয়ের লক্ষ্যমাত্রা পূরণের জন্য চেষ্টা অব্যাহত আছে। এ পর্যন্ত রেভিনিউ আয় ৭১ কোটি টাকার বেশী করা সম্ভব হয়নি। অনুন্নয়ন ব্যয়ের লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে। উন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে প্রথম কোয়ার্টারে পিছিয়ে থাকলেও পরবর্তী কোয়ার্টারে তা পূরণ হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

১০। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, প্রথম কোয়ার্টারে বিদেশে পাসপোর্ট প্রদানের মাধ্যমে আয়কৃত বৈদেশিক হিসাব সময়মত না আসায় লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হয়নি। পরবর্তী কোয়ার্টারে নন-ট্যাক্স রেভিনিউ আয় বৃদ্ধি পাবে। অনুন্নয়ন ব্যয়ের লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে। উন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে প্রথম কোয়ার্টারে পিছিয়ে থাকলেও পরবর্তী কোয়ার্টারে তা পূরণ হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

